২২/২/২০০০

পৃষ্ঠা ২ … ৪

44

দৈনিক ইত্তেফাক

# একুশে পদক-২০০০

## ঘোষণা

গতকাল একুশে পদক ২০০০ ঘোষণা করা হইয়াছে। নিজ নিজ ক্ষেত্রে প্রশংসনীয় অবদানের স্বীকৃতিস্বরূপ ১৫ জন ভাষা শহীদ, ভাষা সৈনিক, বিশিষ্ট সাহিত্যিক, শিক্ষাবিদ, সাংবাদিক ও শিল্পীদেরকে এ পদক দেওয়া হইয়াছে। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে শহীদ আবুল বরকত, আব্দুল জব্বার, আব্দুস সালাম, রফিকউদ্দিন আহমদ ও শফিউর রহমানকে ভাষা শহীদ মরণোত্তর পুরস্কার প্রদান করা হইয়াছে। ভাষা সৈনিক হিসাবে পদক পান গাজীউল হক। অন্য যাহারা পদক পাইয়াছেন (২য় পৃষ্ঠায় ৮-এর কঃ)

## একুশে পদক

(১ম পৃঃ পরঃ)

তাহারা হইলেনঃ রাজনৈতিক ও সংগ্রামী ব্যক্তিত্ব হিসাবে মহিউদ্দিন আহমেদ (মরণোত্তর), শিক্ষা ক্ষেত্রে ডঃ নীলিমা ইব্রাহিম, বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে প্রফেসর জামাল নজরুল ইসলাম, সাহিত্যে এখলাস উদ্দিন আহমদ, সঙ্গীতে মরণোত্তর পুরস্কার পাইয়াছেন জাহিদুর রহিম। ইহাছাড়া সঙ্গীতে খালিদ হোসেন ও সৈয়দ আব্দুল হাদীকে একুশে পদক প্রদান করা হইয়াছে। নাটক ও ভাস্কর্যে এ বছর এ পদক পাইয়াছেন যথাক্রমে আব্দুল্লাহ আল মামুন ও শামীম সিকদার।

পুরস্কৃত প্রত্যেক ব্যক্তিত্বকে এককালীন ২০ হাজার টাকা, আঠার ক্যারেট মানের ও তিন ভরি ওজনের একটি স্বর্ণপদক ও সম্মাননা পত্র প্রদান করা হইবে। -তথ্য বিবরণী